গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ২৬/১২/২০২২ খ্রি.

২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

আবেদন ফরম সংগ্রহ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://nubd.info/formfillup/ থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download এর মাধ্যমে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল ঃ

ক্রমিক নং	বিষয়	জমাদানের তারিখ	বার
১	বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস,ইতিহাস,দর্শন	০২/০১/২০২৩	সোমবার
২	রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি, পদার্থ, রসায়ন ,	০৩/০১/২০২৩	মঙ্গলবার
৩	হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, প্রাণী,উদ্ভিদ,গণিত	০৪/০১/২০২৩	বুধবার

বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)
সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি নিয়মিত	সেশন ফি	মোট	পরীক্ষার ফি অনিয়মিত	সেশন ফি	মোট
০১	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	২৯০০	২৭০৫	৫৬০৫	৩২০০	২৭০৫	৫৯০৫
০২	রসায়ন	৩৪৫০	২৭০৫	৬১৫৫	৩৭৫০	২৭০৫	৬৪৫৫
০৩	উদ্ভিদ, পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত	৩০৫০	২৭০৫	৫৭৫৫	৩৩৫০	২৭০৫	৬০৫৫

শিক্ষার্থীদের করণীয় : নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড/ এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশানে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

(টাকার পরিমাণ গড়মিল পরীলক্ষিত হলে ফরম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।)

অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি ও টাকা জমাদান পদ্ধতি:

	১ বিষয়	২ বিষয়	৩ বিষয়	৪ বিষয়	৫ বিষয়	৬ বিষয়
গ্রেড উন্নয়ন	১১৫০/-	১৪০০/-	১৬৫০/-	১৯০০/-	২১৫০/-	২৪০০/-

বিশেষ দ্রষ্টব্য : Conditional Promoted (c- Promoted) পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি এর পর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে এবং ফরমের সাথে ২য় বর্ষের ফলাফল অবশ্যই জমা দিতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে (২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০) সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরুপ শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- ❖ Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- ❖ ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

আঠা লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় :

Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

*** রেজিস্ট্রেশন কার্ডের ০১ (এক) কপি ফটোকপি ও ০১ (এক) কপি ছবি অনলাইনে পূরণকৃত ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

প্রয়োজনে: জনাব মিঠুন চন্দ্র দাস, কম্পিউটার অপারেটর ০১৬২১৬৩৫৪৭৫।

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ, ফেনী।